দৈনিক বাংলা

তারিখ 27/8/79
পৃষ্ঠা 4 কলাম 5



# এস এ বারী এ টি'র সংক্ষিপ্ত পরিচিতি

জনাব এস এ বারী এ টি ১৯২৭ সালে দিনাজপুরে জন্মগ্রহণ করেন তিনি আলহাজ মোহাম্মদ তৈমুরের তৃয় পুত্র তাঁর পিতা অত্যন্ত ধর্মপরায়ণ ও বিদ্যানুরাগী ছিলেন।

প্রগতিশীল ছাত্র আন্দোলনের অন্যতম নেতা জনাব বারী ১৯৫২ সালে ভাষা আন্দোলনে সক্রিয় অংশগ্রহণ করেন এবং ১৪৪ ধারা ভঙ্গের দায়ে প্রথমবারের মত বৎসরাধিককাল কারাবরণ করেন। কারাবাস থেকে মুক্তির পর ১৯৫৩-৫৪ সালে তিনি বিশ্ববিদ্যালয় নির্বাচনে অংশগ্রহণ করেন এবং 'ডাকসু' সহ-সভাপতি নির্বাচিত হন। তিনি বঙ্গীয় ছাত্র সম্মেলন ও আন্তর্জাতিক ছাত্র ইউনিয়ন সম্মেলনে পূর্ব পাকিস্তান শাখার আহ্বায়ক ছিলেন। এই সময় তিনি তৎকালীন পূর্ব পাকিস্তানের কলেজ সমূহের সমন্বয়ে আন্তঃকলেজ সংস্থা গড়ে তোলেন।

১৯৬৪ সালে ৯২-ক ধারার বিরুদ্ধে তিনি গণআন্দোলনের নেতৃত্ব দেন এবং আবার কারারুদ্ধ হন ও বৎসরাধিকাল কারাভোগ করেন। ১৯৬৯ সালের গণআন্দোলনের তিনি ছিলেন অন্যতম নেতা।

পরে তিনি মওলানা আবদুল হামিদ খান ভাসানীর ন্যাশনাল আওয়ামী পার্টিতে যোগদান করেন। মওলানা ভাসানীর নেতৃত্বে মেহনতী মানুষের ন্যায্য দাবী আদায়ে সকল প্রগতিশীল আন্দোলনে তিনি সক্রিয় অংশগ্রহণ করেন। ঐতিহাসিক ফারাক্কা মিছিলে তিনি ছিলেন মওলানা ভাসানীর অন্যতম সহকর্মী এবং তাঁর নেতৃত্বে তিনি সমগ্র উত্তরাঞ্চলে সাংগঠনিক কাজে আত্মনিয়োগ করেন।

মওলানা ভাসানীর মৃত্যুর পর তিনি ন্যাশনাল আওয়ামী পার্টির সাধারণ সম্পাদক নির্বাচিত হন। ১৯৭১ সালের স্বাধীনতা যুদ্ধকালে তিনি দিনাজপুর জেলা সংগ্রাম পরিষদের সঙ্গে জড়িত ছিলেন এবং হানাদার বাহিনীর বিরুদ্ধে সারা উত্তর বঙ্গে প্রচন্ড প্রতিরোধ ব্যবস্থা গড়ে তোলেন। ভারতের পশ্চিমবঙ্গে ডালিমগাঁও মুক্তিফৌজ ও ত্রাণ সংস্থার দায়িত্বে তিনি নিয়োজিত ছিলেন।

পরে তিনি জাতীয়তাবাদী ফ্রন্টে যোগদান করেন ও স্টিয়ারিং কমিটির সদস্য হন। ১৯৭৮ সালে তিনি মন্ত্রী পরিষদে যোগদান করেন ও জনশক্তি উন্নয়ন ও সমাজকল্যাণ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত হন।

১৯৭৯ সালের সাধারণ নির্বাচনে জাতীয়তাবাদী দলের মনোনীত প্রার্থী হিসাবে তিনি দিনাজপুর ৮ থেকে প্রতিদ্বন্দ্বিতা করেন ও বিপুল ভোটাধিক্যে জয়যুক্ত হন।

জনাব এস এ বারী এটি ছাত্র জীবন থেকেই বামপন্থী রাজনৈতিক আন্দোলনের সঙ্গে জড়িত ছিলেন। রাজনীতি, শিক্ষা ও সংস্কৃতি ক্ষেত্রে তাঁর ভূমিকা বরাবরই প্রগতিশীল, সাম্রাজ্যবাদ ও উপনিবেশবাদ বিরোধী ছিল।

জনাব বারী ১৯৬১ সালে দিনাজপুরে ওকালতি শুরু করেন। তিনি দিনাজপুর জেলা আইন সমিতির সাধারণ সম্পাদক ছিলেন। দিনাজপুর আইন কলেজের তিনি প্রতিষ্ঠাতা সম্পাদকের দায়িত্ব পালন করেন।

তিনি মধ্যপ্রাচ্যের দেশসমূহ সহ এশিয়া, ইউরোপ ও আফ্রিকা মহাদেশের বিভিন্ন দেশ সফর করেন।

জনাব এস এ বারী এটি ১৯৭৯ সালের ২৩শে আগস্ট উপ-প্রধান মন্ত্রী হিসাবে শপথ গ্রহণ করেন এবং জনশক্তি উন্নয়ন ও সমাজকল্যাণ মন্ত্রণালয়ের দায়িত্বে বহাল থাকবেন।